

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 08-10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জি.এস.টি. ব্যবস্থার সংস্কার একটি জনমুখী সিদ্ধান্ত।
- (২) শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা বলেছেন, রাজ্য সরকার রাজ্যের প্রতিটি মহকুমাতে একটি করে শিল্প শিক্ষণ কেন্দ্র বা I.T.I. স্থাপনে উদ্যোগ নিয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লির যশোভূমিতে ইণ্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৫-এর নবম পর্বের উদ্বোধন করবেছেন।
- (৪) আজ সকাল প্রায় এগারোটা থেকে টালা এক ঘন্টার বৃষ্টিতে আগরতলা শহর জলমগ্ন হয়ে পড়ে।

Next Generation GST-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জি.এস.টি. ব্যবস্থার সংস্কার একটি জনমুখী সিদ্ধান্ত। জিএসটি-র হার সংস্কারের ফলে দেশের মধ্যবিত্ত শ্রেণি থেকে শুরু করে কৃষক, শ্রমিক সহ সমাজের সর্বস্তরের মানুষ উপরুক্ত হবেন। আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে দুদিনব্যাপী 'নেক্ট জেনারেশন জিএসটি' শীর্ষক কর্মশালার সূচনা করে তিনি একথা বলেন। অর্থ দপ্তরের উদ্যোগে এবং ইন্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টেন্ট অব ইণ্ডিয়ার সহায়তায় আয়োজিত এই কর্মশালায় তিনি আরো বলেন, পয়লা জুলাই ২০১৭ সালে ৫টি পর্যায়ের জি.এসটি, ব্যবস্থা চালু করা হয়েছিল। যার মাধ্যমে ভারতের অর্থ ব্যবস্থার ব্যাপক উন্নতি ঘটে। জি.এসটি-র হার সংস্কারের ফলে মধ্যবিত্ত শ্রেণীর প্রতিমাসে ৪ শতাংশ ব্যয় হ্রাস হবে। তাছাড়া নতুন এই ব্যবস্থায় দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টি হবে, পরিবহন ব্যয় প্রায় ৩৩ শতাংশ এবং জ্বালানি খরচও হ্রাস হবে। মুখ্যমন্ত্রী বলেন,

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশীয় পণ্য ব্যবহার, অভ্যন্তরীণ পর্যটন ব্যবস্থার উন্নয়নের উপর বিশেষ জোর দিয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, নতুন জিএস.টি, সংস্কারের মাধ্যমে দুধ, ছানা ও কুটি সম্পূর্ণ করমুক্ত করা হয়েছে। সাবান, শ্যাম্পু, টুথপেস্ট, সাইকেল সহ সাধারণ গৃহস্থালির কর মাত্র ৫ শতাংশ করা হয়েছে।

একইভাবে প্যাকেটেজাত খাবার যেমন নোনতা খাবার, সস, পাত্তা, নুডলস, চকলেট, মাথন ও ঘি এর জিএসটি এখন ১২ শতাংশ বা ১৮ শতাংশ থেকে কমিয়ে মাত্র ৫ শতাংশ করা হয়েছে। কৃষকদের জন্য ট্রাক্টর, ধান কাটার যন্ত্র ও সার এখন মাত্র ৫ শতাংশ করের আওতায়।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, জিএসটি সংস্কারের ফলে মধ্যবিত্ত শ্রেণি, কৃষকরা উপকৃত হবেন। শিক্ষাক্ষেত্রও লাভান্বিত হবে। জীবনদায়ী ওষুধের দাম হ্রাস হবে। মানুষের ক্রয়ক্ষমতা বাড়বে।

* * * * *

Industry & Commerce Minister :

শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা বলেছেন, রাজ্য সরকার রাজ্যের প্রতিটি মহকুমাতে একটি করে শিল্প শিক্ষণ কেন্দ্র বা I.T.I. স্থাপনে উদ্যোগ নিয়েছে। তিনি আজ কুমারঘাটে I.T.I.-এর জন্য প্রস্তাবিত জমি পরিদর্শনে এসে একথা বলেন। শ্রীমতি চাকমা সরকারী আধিকারিকদের নিয়ে আজ উনকোটি জেলার আঙ্কারছড়া, নালকাটা, ছণ্টিলা প্রভৃতি এলাকা পরিদর্শন করেন। মন্ত্রীর সঙ্গে ছিলেন পেঁচারথল BAC-র চেয়ারম্যান সজল চাকমা, কুমারঘাটের SDM এন,এস,চাকমা প্রমুখ।

* * * * *

Mukhyamontri Samipeshu :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারি বাসভবনে আজ মুখ্যমন্ত্রী সমীপেষ্য কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত নাগরিকদের সমস্যার কথা শোনেন এবং তা সুরাহার জন্য

প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ প্রদান করেন।

* * * * *

Package Story-Viksit Bharat Buildathan-2025 :

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক বিকশিত ভারত বিল্ডাথন ২০২৫-এর জন্য নাম নথিভুক্তির শেষ তারিখ চলতি মাসের ১১ তারিখ পর্যন্ত বাড়িয়েছে। অটল উদ্ভাবন মিশন, নীতি আয়োগের সহযোগিতায় শুরু হওয়া দেশব্যাপী উদ্ভাবনী প্রয়াসটি সারা ভারতে প্রায় ২ লক্ষ ৫০ হাজার স্কুল পড়ুয়াকে যুক্ত করার লক্ষ্যমাত্রা সামনে রেখে পরিচালিত হচ্ছে। ২০৪৭-এ বিকশিত ভারত গড়ার লক্ষ্য অনুসারে দেশের সর্ববৃহৎ ছাত্র উদ্ভাবনী উদ্যোগটি অবশ্যই এক ঐতিহাসিক পদক্ষেপ হিসেবে চিহ্নিত হতেও চলেছে। একটি প্রতিবেদন।

VC # # # # #

* * * * *

Rubber Board :

আগরতলায় রাবার বোর্ডে চুক্তির ভিত্তিতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে। বিশদ বিবরণের জন্য আগরতলার চাঁচারিস্থিত জয়েন্ট রাবার প্রোডাকশন কমিশনার কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে।

* * * * *

Update Akashvani :

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ. এবং নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-

নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

India mobile Congress :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লির যশোভূমিতে এশিয়ার বৃহত্তম টেলিযোগাযোগ, মিডিয়া এবং প্রযুক্তি অনুষ্ঠান ইন্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৫-এর নবম পর্বের উদ্বোধন করেছেন। সমাবেশে শ্রী মোদী বলেন যে টেলিযোগাযোগ ক্ষেত্রে দেশের সাফল্য, আঞ্চনিক ভারত দৃষ্টিভঙ্গির শক্তিকে প্রতিফলিত করে। তিনি বলেন, দেশে এখন প্রায় প্রতিটি জেলায় 5জি সংযোগ হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, দেশে ডিজিটাল সংযোগ এখন আর কোনও সুযোগ বা বিলাসিতা নয় বরং প্রতিটি ভারতীয়ের জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে। তিনি বলেন, ইন্ডিয়া মোবাইল কংগ্রেস কেবল মোবাইল এবং টেলিকমের মধ্যেই সীমাবদ্ধ নয় বরং কয়েক বছরের মধ্যে এশিয়ার বৃহত্তম ডিজিটাল প্রযুক্তি ফোরামে পরিণত হচ্ছে। তিনি উল্লেখ করেন যে দেশ সম্প্রতি মেড ইন ইন্ডিয়া 4G স্ট্যাক চালু করেছে, যা একটি বড় দেশীয় অর্জন। শ্রী মোদী বলেন, ভারতে বিনিয়োগ, উন্নয়ন এবং তৈরি করার এটাই সেরা সময়। তিনি উল্লেখ করেন যে ভারত এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম টেলিকম বাজার এবং দ্বিতীয় বৃহত্তম 5G বাজার।

Byte-PM# # # #

অনুষ্ঠানে যোগাযোগমন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া বলেন যে ভারত এখন বিশ্বের ডিজিটাল পতাকাবাহী হয়ে উঠেছে। চার দিনের এই অনুষ্ঠানে টেলিকম এবং উদীয়মান প্রযুক্তির সর্বশেষ অগ্রগতি প্রদর্শন করা হবে, যা বিশ্ব নেতৃবৃন্দ, গীতিনির্ধারক, শিল্প বিশেষজ্ঞ এবং উন্নাবকদের একত্রিত করবে।

Air Force Day :

ভারতীয় বিমান বাহিনীর ৯৩তম বার্ষিকী আজ উদযাপিত হচ্ছে। ১৯৩২ সালের ৮ই অক্টোবর গঠিত এই শক্তি আগামী কয়েক দশক ধরে জাতির প্রতিরক্ষাকে রূপ দেবে। এই উপলক্ষে, প্রতিরক্ষা কর্মী প্রধান জেনারেল অনিল চৌহান, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠী এবং বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল অমর প্রীত সিং আজ নতুন দিল্লিতে জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে বীর শহীদদের প্রতি শুদ্ধা নিবেদন করেন।

রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু ভারতীয় বিমান বাহিনী দিবসে সকল বিমান যোদ্ধা, প্রবীণ সৈনিক এবং তাদের পরিবারবর্গকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি ভারতীয় বিমান বাহিনীর অনুকরণীয় সাহস, অঙ্গীকার এবং জাতির সেবায় উৎকর্ষতার প্রশংসা করেছেন। তিনি ভারতীয় বিমান বাহিনীকে ভিত্তিতের সকল প্রচেষ্টায় অব্যহত সাফল্যের জন্য শুভেচ্ছা জানিয়েছেন।

উপ-রাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণণ আজ ভারতীয় বিমান বাহিনীকে অভিনন্দন জানিয়েছে সামাজিক মাধ্যমে এক বার্তায় দেশের আকাশ রক্ষায় বিমান যোদ্ধাদের পেশাদার দক্ষতা, সাহস এবং অটল আনুগত্যের কথা তুলে ধরেছেন। শ্রী রাধাকৃষ্ণণ বলেন যে অপারেশন সিল্বুর এবং আরও অসংখ্য মিশন ভারতীয় বিমান বাহিনীর অমূল্য অবদানের প্রমাণ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও বিমান যোদ্ধা এবং তাদের পরিবারবর্গকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি সবচেয়ে সমস্যা সঙ্কুল পরিস্থিতিতেও দেশের আকাশ রক্ষায় ভারতীয় বিমান বাহিনীর সাহসিকতা, শৃঙ্খলা এবং নির্ভুলতার প্রশংসা করেছেন। তাদের ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, বিমান যোদ্ধাদের প্রতিশ্রুতি, পেশাদারিত্ব এবং অদম্য সাহস প্রশংসনীয়, যা প্রতিটি ভারতীয়কে গর্বিত করবে।

CM-BJP-TMC :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, বিজেপি দল রাজ্যের মানুষের উন্নয়নের জন্য রাজনীতি করছে। বর্তমানে তৃণমূল কংগ্রেস দল রাজ্যে সম্পূর্ণ নিষ্ক্রিয় অবস্থায় আছে। প্রদেশ বিজেপির মুখ্যপত্র নবেন্দু ভট্টাচার্যও আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে আজ পশ্চিমবঙ্গ থেকে আগত তৃণমূল কংগ্রেস নেতৃত্বের ভূমিকার সমালোচনা করেন।

এদিকে, পশ্চিমবঙ্গের বনমন্ত্রী বীরবাহা হাঁসদা, তিন তৃণমূল সাংসদ প্রতিমা মন্ত্র, সুস্থিতা দেব এবং সায়নী ঘোষ, তৃণমূল কংগ্রেসের মুখ্যপত্র কুণাল ঘোষ এবং তৃণমূল নেতা সুদীপ রাহা আজ কলকাতা থেকে আগরতলায় আসেন। তারা এক সাংবাদিক সম্মেলনে গতকাল আগরতলায় তৃণমূল কংগ্রেসের রাজ্য কার্যালয়ে ভাঙ্গচুরের ঘটনার নিন্দা জানান ও বিজেপি দলের সমালোচনা করেন।

* * * * *

Supreme Court :

সুপ্রিমকোর্টের নির্দেশে জেল থেকে ছাড়া পেলেন সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দও, ত্রিলোকেশ সিনহা ও বাবুল দেবনাথ। ২০১৫ সালের সাধারণ ধর্মঘটের দিনে বিলোনিয়ার আদালত চৰে পিকেটিং করার সময়ে এক বিচারককে আদালতে চুক্তে বাধা দেওয়ায় পুলিশ এই ৩ সিপিআইএম নেতার বিরুদ্ধে স্বপ্রনোদিত মামলা নেয়। মামলায় বিলোনিয়ার প্রথম শ্রেণীর আদালত ৩ অভিযুক্তকে ২ বছরের জেলের নির্দেশ দেয়। নিম্ন আদালতের রায় বহাল রাখে ত্রিপুরা হাইকোর্টও। শেষ পর্যন্ত তারা সুপ্রিমকোর্টে আপিল করেন। গতকাল সুপ্রিমকোর্টের ডিভিশন বেঁশ তাদেরকে যতদিন জেলে ছিলেন এটাই সাজার মেয়াদ বলে রায় দিয়ে তাদের মামলা থেকে অব্যাহতি দেন। আজ সুপ্রিমকোর্টের নির্দেশে বিলোনিয়া জেল থেকে মুক্তি পান তারা।

* * * * *

Aadi Karmayogi Abhiyan-North :

উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ধর্মনগরের সার্কিট হাউসে কর্মযোগী বিষয়ে তিন দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা আজ থেকে শুরু হয়েছে।

উদ্বোধন করেন উত্তর প্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দ্রন। এই কর্মশালায় জেলার বিভিন্ন ব্লক থেকে সরকারি কর্মচারী ও এনজিওর সদস্যরা অংশগ্রহণ করেছেন।

* * * * *

Women's Cricket :

গোয়ালিয়রে আজ থেকে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের আসর শুরু হয়েছে। এলিট পুলে উদ্বোধনী দিনে গ্রন্থের প্রথম খেলায় প্রিপুরা পরাজিত হয়েছে। ক্যাপ্টেন রূপ সিং স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় হরিয়ানা ৭৬ রানে রাজ্যদলকে হারায়। আসরে প্রিপুরার গ্রন্থে হরিয়ানা সহ রয়েছে হায়দ্রাবাদ, কর্ণাটক, হিমাচল প্রদেশ, ছত্তিসগড়, উড়িষ্যা ও অন্ধ্রপ্রদেশ। রাজ্যদলের নেতৃত্ব দিচ্ছে ঋজু সাহা। এই ম্যাচের মধ্য দিয়ে জাতীয় ক্রিকেটে প্রিপুরার এবারের অভিযান শুরু হলো।

* * * * *

Weather :

আজ সকাল প্রায় এগারোটা থেকে টানা এক ঘন্টার বৃষ্টিতে আগরতলা শহর জলমগ্ন হয়ে পড়ে। আবহাওয়া দন্তের সূত্রে জানা গেছে, আজ দুপুর পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৬৭.৪ মিলিমিটার, পশ্চিম প্রিপুরা জেলাশাসকের কার্যালয় এলাকায় ৭১.৫ মিলিমিটার। আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, সিপাহীজলা, গোমতী, খোয়াই ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া দন্ত। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪.৯ ডিগ্রী সেলসিয়াস।

* * * * *